ভোরের কাগজ

105

JUN. 1 6 1999

পৃঃ 2 কলাম 5

# চট্টগ্রামে বিতর্কিত মাদ্রাসা অধ্যক্ষের সঙ্গে মার্কিন দূতাবাস কর্মকর্তার সাক্ষাৎ

**চট্টগ্রাম অফিস :** মার্কিন দূতাবাসের রাজনৈতিক কর্মকর্তা ডগলাস সি ম্যাকেজ গত ১০ জুন চট্টগ্রামের লালখান বাজারের বহুল আলোচিত ও বিতর্কিত মাদ্রাসা জামেয়াতুল উলুম আল-ইসলামীয়ার অধ্যক্ষ মুফতি ইজহারুল ইসলামের সঙ্গে সাক্ষাৎ করেছেন। ঐ কর্মকর্তার মাদ্রাসা পরিদর্শনকালে মুফতি ইজহারুল ইসলাম বাংলাদেশের আর্থসামাজিক পরিস্থিতি, শিক্ষাব্যবস্থা ও বিশ্বব্যাপী ইসলামি পুনর্জাগরণের বিষয়ে নিজস্ব মতামত তুলে ধরেন। মি. ডগলাসও এ ব্যাপারে মার্কিন যুক্তরাষ্ট্রের দৃষ্টিভঙ্গি ব্যাখ্যা করেন।

উল্লেখ্য, মুফতি ইজহারুল ইসলাম ইসলামী ঐক্যজোটের চট্টগ্রাম বিভাগীয় সমন্বয়কারী ও বাংলাদেশ নেজামে ইসলামীর সিনিয়র সহসভাপতি। ঐ মাদ্রাসায় উগ্র মৌলবাদী সংগঠন হরকাতুল জেহাদের ক্যাডারদের বিভিন্ন ধরনের প্রশিক্ষণ দেওয়া নিয়ে বিভিন্ন পত্রিকায় রিপোর্ট প্রকাশিত হয়েছিল। বরেণ্য কবি শামসুর রাহমানের ওপর হামলার অভিযোগে যে সব তরুণকে গ্রেপ্তার করা হয় তাদের কেউ কেউ বলেছিল যে, তাদেরকে লালখান বাজারস্থ ঐ মাদ্রাসায় প্রশিক্ষণ দেওয়া হয়েছে।